ইত্তেফাক

তারিখ ... 14/6/80 ..
পৃষ্ঠা ... 1 কলাম ... 6 ...

118

আগষ্টে অবশিষ্ট পরীক্ষা

# পদার্থ বিজ্ঞান দ্বিতীয় পত্রের পরীক্ষা বাতিল

(ইত্তেফাক রিপোর্ট)

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান গতকাল (মঙ্গলবার) জাতীয় সংসদে জানান যে, আগামী আগষ্ট মাসের মধ্যেই ঢাকা বোর্ডের অবশিষ্ট উচ্চ মাধ্যমিক পরীক্ষা গ্রহণ করা হইবে। পরবর্তী তারিখ কয়েকদিনের মধ্যেই ঘোষণা করা হইবে। তিনি বলেন, প্রশ্নপত্র ফাঁস হওয়ার সুনির্দিষ্ট প্রমাণের প্রেক্ষিতে পদার্থ বিজ্ঞানের দ্বিতীয় পত্রের পরীক্ষাটি বাতিল করা হইয়াছে এবং পদার্থ বিজ্ঞান দ্বিতীয় পত্র ছাড়া ইতিপূর্বে অনুষ্ঠিত পরীক্ষাসমূহ বৈধ ও বহাল থাকিবে।

গত সোমবার ঢাকা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষা স্থগিত ঘোষণা সম্পর্কে বিরোধী দলীয় নেতা জনাব আসাদুজ্জামান খানের উত্থাপিত একটি প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী গতকাল সংসদে এক বিবৃতিতে আরও বলেন, পরীক্ষায় অসদুপায় ও দুর্নীতি দূর করার জন্য একটি আইন করা হইবে এবং সংসদের চলতি অধিবেশনেই উহা পেশ করা হইবে। তিনি বলেন, এই

(২য় পৃঃ দ্রঃ)

আগষ্টে অবশিষ্ট পরীক্ষা

(১ম পৃঃ পর)

আইন প্রণীত হইলে পরীক্ষায় অসদুপায় ও দুর্নীতি হ্রাস পাইবে বলিয়া সরকার আশাবাদী। আইন প্রণীত হইলে প্রশ্নপত্র ফাঁস, পরীক্ষায় অসদুপায় অবলম্বন, জাল সার্টিফিকেট প্রদান ইত্যাদি দণ্ডনীয় অপরাধ বলিয়া গণ্য হইবে।

তিনি জানান, গতকাল বিভিন্ন কলেজের অধ্যক্ষ ও সরকারী কর্মকর্তাদের বৈঠকে উপরোক্ত সিদ্ধান্ত নেওয়া হয়। দেখা গিয়াছে, শিক্ষকদের মনোবল হ্রাস পাইয়াছে। কিছুসংখ্যক শিক্ষক অর্থলোভে এই সব দুর্নীতির আশ্রয় গ্রহণ করেন। অভিভাবকদের অনেকেই সন্তানের পরীক্ষায় অসদুপায় অবলম্বনে উৎসাহিত করিয়া থাকেন। এমনকি, বহিরাগতরা পরীক্ষা কেন্দ্রে ঢুকিয়া অসদুপায় অবলম্বনে ছাত্রদের সহায়তা করিয়া থাকে।

প্রধানমন্ত্রী আরও জানান যে, পরীক্ষা পদ্ধতিতে পরিবর্তন আনা হইবে। এখন হইতে শিক্ষা মন্ত্রণালয়ের একজন, বোর্ডের একজন ও একজন শিক্ষাবিদ—এই ৩ জন পরীক্ষার দায়িত্বে নিয়োজিত থাকিবেন। প্রশ্নপত্রও ৩।৪ সেট তৈয়ার করা হইবে এবং পরীক্ষা শুরু হওয়ার সময় যে কোন একটি পরিবেশন করা হইবে।